

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখ: ১৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

### ৩৭৮ কন্টেইনার পণ্য নিলামে তুলেছে চট্টগ্রাম কাস্টমস হাউস

চট্টগ্রাম বন্দরের বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ, রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ সর্বোপরি চট্টগ্রাম বন্দরের কার্যক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম কাস্টমস হাউস অখালাসকৃত ও নিলামযোগ্য বিভিন্ন পণ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় মার্চ ২০২৬ মাসে মোট ৩৭৮ কন্টেইনার পণ্য ই-অকশন (E-Auction) পদ্ধতিতে নিলামে বিক্রির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত বিশেষ আদেশ নং- ৮২/২০২৫/কাস্টমস অনুসারে ই-অকশন-২/২০২৬ এর আওতায় ৪৯টি লটে মোট ১৮০ কন্টেইনার পণ্য নিলামে বিক্রি করা হবে। এসব পণ্যের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের কেমিক্যাল, মেশিনারিজ, প্লাস্টিক স্ক্রাপ, আর্ট পেপার, বিটুমিন, ফেব্রিক্স, হাউজহোল্ড আইটেমস, গাড়ির পার্টসসহ অন্যান্য সামগ্রী। উল্লেখ্য, এসব পণ্যচালানের নিলামে কোনো সংরক্ষিত মূল্য (Reserved Value) নির্ধারিত নেই।

অপরদিকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত স্থায়ী আদেশ নং- ৯১/কাস্টমস/২০২৫/১২৩ অনুসারে ই-অকশন-৩/২০২৬ এর আওতায় ৭৪টি লটে মোট ১৯৮ কন্টেইনার পণ্য নিলামে বিক্রি করা হবে। এসব পণ্যের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের ক্যাপিটাল মেশিনারিজ, প্যাসেঞ্জার এলিভেটর, মেটাল স্ক্রাপ, ক্রাফট লাইনার পেপারসহ অন্যান্য পণ্য।

নিলাম কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে এ নিলাম পরিচালিত হবে। নিলাম কার্যক্রমকে অধিকতর প্রতিযোগিতামূলক করার জন্য পুরো মার্চ মাস জুড়ে আগ্রহী বিডারদের সরেজমিনে পণ্য পরিদর্শনের সুযোগ প্রদান করা হয়েছে এবং অনলাইনে বিড করার ব্যবস্থা রাখা হয়েছে।

আগ্রহী ক্রেতাগণ ঘরে বসেই বাংলাদেশ কাস্টমসের অফিসিয়াল E-Auction পোর্টালে (<http://auction.nbr.gov.bd/auction/301>) নিবন্ধন করে অনলাইনে দরপত্র দাখিল করতে পারবেন। তবে অনলাইনে বিড করার পাশাপাশি জামানতের পে-অর্ডার ও প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজপত্র নির্ধারিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। সর্বোচ্চ দরদাতাদেরকে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্তাবলি অনুসরণ করে পণ্যসমূহ খালাস গ্রহণ করতে হবে।

উল্লেখ্য, ই-অকশন-২/২০২৬ এর দরপত্র বাক্স আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় এবং ই-অকশন-৩/২০২৬ এর দরপত্র বাক্স ০৮ এপ্রিল ২০২৬ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় উন্মুক্ত করা হবে। নিলাম সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য আগ্রহী বিডারদের বাংলাদেশ কাস্টমসের অফিসিয়াল E-Auction পোর্টাল ভিজিট করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

চট্টগ্রাম বন্দরকে কন্টেইনার জট মুক্ত করতে এ নিলাম কার্যক্রম অব্যাহত থাকবে।

-জাতীয় রাজস্ব বোর্ড